গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

# বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব এ.এফ.এম. শামীম
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ০৮ জানুয়ারি'২০২৬ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভার এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা স্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কার্যক্রম স্বাস্থ্য বিভাগের সহায়তায় মোহনগঞ্জ কমিউনিটি ক্লিনিকে চালানোর জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। | চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ১৪৫ হেক্টর জমিতে বোরো বীজতলা হয়েছে। এ পর্যন্ত ৮৯ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হয়েছে এবং রোপন চলমান আছে। ঠান্ডা আবহাওয়ার কারণে বীজতলা যেন ক্ষতিগ্রস্থ না হয় এ ব্যাপারে কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফসলের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরিদর্শন ও কৃষককে পরামর্শ প্রদান এবং অনাবাদি পতিত জমিতে শাক-সবজিসহ অন্যান্য কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পুকুর জরিপের কার্যক্রম সম্পুর্ণ হয়েছে। জাটকা সংরক্ষণের অভিযানের কার্যক্রম চলমান। মৎস্য সম্প্রসারণের কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ও স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করা ও মৎস্য চাষ সম্প্রসারণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। শৈত্য প্রবাহে কিভাবে প্রাণির যত্ন নিতে হবে সে বিষয়ে খামারীদের পরামর্শ প্রদানের কাজ চলমান। বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রদান কাজ চলমান। ফ্রি-ভেটেরিনারি মেডিকেল টীমের কার্যক্রম চলমান। কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। পোষা প্রাণির চিকিৎসার জন্য সরকারি ঔষধ স্বল্পতা থাকায় ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি'র বরাদ্দ থেকে জরুরী ঔষধ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও জানান উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সেবাগ্রহীতাগণের বসার জন্য ১টি বসার সেড বা ছাউনী নির্মাণ করা প্রয়োজন। প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসের গর্ত ভরাট করা প্রয়োজন। | বিধি মোতাবেক এডিপি খাত হতে প্রাণিসম্পদ দপ্তরে সেবা গ্রহীতার বসার জন্য সেড এবং প্রাণি পাখির চিকিৎসা সেবা দেওয়ার জন্য ঔষধ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। ২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে টি.আর, কাবিখা ১ম পর্যায়ের কাজ চলমান। ২০২৫-২৬ অর্থ বছরে ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণের কাজ প্রক্রিয়াধীন। ০৩(তিন) কিঃমিঃ এইচবিবি রাস্তার প্রস্তাব পাঠানো হয়েছে এবং মোহনগঞ্জ ইউনিয়নে ০১টি বন্যা আশ্রয়কেন্দ্রের প্রস্তাব পাঠানো হয়েছে। এছাড়াও ২টি বন্যা আশ্রয় কেন্দ্রের চলমান কাজের মধ্যে ১টি কাজ সমাপ্ত হয়েছে । | ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজ স্বচ্ছতা বজায় রেখে বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অসচ্ছল প্রতিবন্ধীভাতার আবেদন করার সময় বৃদ্ধি করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিডব্লিউবি কর্মসুচির চাল বিতরণ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা সহকারী যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যুব দপ্তরের পরিবার ভিত্তিক কার্যক্রম হতে ৩০জনকে ৯.০০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আসন্ন ত্রয়োদয় জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল হতে উপজেলা পরিষদ চত্বরের নিরাপত্তার জন্য আনসারদের চেকপোস্ট ও উপজেলা পরিষদ চত্বরের স্ট্রীট লাইট মেরামত ও সংস্কার এবং জাউনিয়ার চর উচ্চ বিদ্যালয়ে ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল হতে নিম্ন বর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br>০১। জাউনিয়ার চর উচ্চ বিদ্যালয়ে ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপন-২,১৩,৩৬৫/- (দুইলক্ষ তেরো হাজার দুইশত পয়ষট্টি) টাকা।<br>০২। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরের নিরাপত্তার জন্য অঙ্গীভূত আনসারদের চেকপোস্ট মেরামত ও সংস্কার এবং উপজেলা পরিষদ চত্বরের স্ট্রীট লাইট মেরামত ও সংস্কার-২,৫০,০০০/-(দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির আওতায় (এডিপি) নিম্ন বর্ণিত ইউনিয়ন ওয়ারী প্রকল্পসমূহ সভার অনুমোদন প্রয়োজন। সভায় অনুমোদিত হলে টেন্ডার ও পিআইসি'র মাধ্যমে প্রকল্পগুলি বাস্তবায়ন করা যেতে পারে।<br>**১নং রাজিবপুর ইউনিয়ন এর স্কীমসমূহঃ**<br>**টেন্ডার প্রকল্পঃ**<br>০১। উপজেলা প্রাণিসম্পদ ও ভেটিরিনারি হাসপাতালে সেবা গ্রহিতাদের জন্য ছাউনি, পশু শেডের ছাউনি নির্মাণ এবং প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০২। রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এম্বুলেন্স মেরামত করণ-২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০৩। চর রাজিবপুর উপজেলার যুব নারীদের দক্ষতা বৃদ্ধি ও আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সেলাই প্রশিক্ষণ প্রদান (অংশ-২)-৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা।<br>০৪। রাজিবপুর মহিলা কলেজে আসবাবপত্র ও বেঞ্চ সরবরাহ , শিবেরডাঙ্গী উচ্চ বিদ্যালয়ে সোলার স্ট্রীট লাইট ও আসবাবপত্র সরবরাহ এবং রাজিবপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ করণ-১,৮০,০০০/- (একলক্ষ আশি হাজার) টাকা।<br>০৫। রাজিবপুর উপজেলার ৩ টি ইউনিয়নের ভোটকেন্দ্রে এনার্জি লাইট সরবরাহ করণ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>০৬। রাজিবপুর উপজেলার অন্তর্গত বিভিন্ন ক্লাবে খেলার সামগ্রী সরবরাহ করণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০৭। রাজিবপুর ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে করাতিপাড়া খোকনের বাড়ি হতে দক্ষিণ দিকে পশ্চিম রাজিবপুর সঃ প্রাঃ বিঃ পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা। | ০১। উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল হতে জাউনিয়ার চর উচ্চ বিদ্যালয়ে ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরের নিরাপত্তার জন্য অঙ্গীভূত আনসারদের চেকপোস্ট মেরামত ও সংস্কার এবং উপজেলা পরিষদ চত্বরের স্ট্রীট লাইট মেরামত ও সংস্কার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির আওতায় (এডিপি) বর্ণিত প্রকল্পগুলি প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) দরপত্র আহবানের বিজ্ঞাপন ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৮। রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে বৌ বাজার রফিকুলের বাড়ি হতে উত্তর দিকে ছাত্তারের বাড়ি পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৯। রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের খাজার ঘাটে কাঠের সাঁকো মেরামত করণ-৩,২৫,০০০/- (তিনলক্ষ পঁচিশ হাজার) টাকা।<br>১০।রাজিবপুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের শিশু পার্ক সংলগ্ন মোহাম্মাদ আলীর চায়ের দোকান হতে রাস্তা পর্যন্ত সিসি করণ-৯০,০০০/- (নব্বই হাজার) টাকা।<br>১১। রাজিবপুর ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে শিবেরডাঙ্গী (জালছিরা) - শিবেরডাঙ্গী বাজার সড়কে গাইড ওয়াল নির্মাণ-৯০,০০০/- (নব্বই হাজার) টাকা।<br>১২। রাজিবপুর ইউনিয়নের ০২নং ওয়ার্ডের কাচানী পাড়া জামে মসজিদ মেরামত ও সংস্কার করণ-৮৯,৪০০/- (উননব্বই হাজার চারশত) টাকা।<br>১৩। রাজিবপুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের সবুজবাগ কেন্দ্রীয় কবরস্থানে স্ট্রীট লাইট ও সীমানা প্রাচীর এবং রাজিবপুর কেন্দ্রীয় ঈদ্গাহ মাঠে গেইট নির্মাণ করণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>১৪। রাজিবপুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের বড়াইডাঙ্গী ফরজ আলীর বাড়ি হতে দুদু মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় গাইড ওয়াল নির্মাণ-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।<br>১৫। রাজিবপুর ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে নামাপাড়া আব্দুল হাই মেম্বারের বাড়ি হতে দক্ষিণ পূর্ব দিকে রাস্তা উন্নয়ন করণ-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।<br>১৬। রাজিবপুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে আরডিআরএস অফিস সংলগ্ন ডিসি রাস্তা হতে দক্ষিণ দিকে রাস্তা মেরামত করণ--৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।<br>১৭। রাজিবপুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে বড়াইডাঙ্গী শাহজামালের বাড়ি হতে পূর্ব দিকে ইজ্জত আলীর বাড়ি পর্যন্ত রাস্তা পাকা করণ-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।<br>১৮। রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে টাঙ্গালিয়া পাড়া সরদার মার্কেটের নিকট গাইড ওয়াল নির্মাণ-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।<br>১৯। রাজিবপুর ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে শিবেরডাঙ্গী মাষ্টার পাড়া গ্রামের সুরুত মিয়ার বাড়ি হতে দক্ষিণ দিকে আব্দুল হাদীর বাড়ি পর্যন্ত রাস্তা মেরামত করণ-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।<br>২০। রাজিবপুর উপজেলা মিনি ষ্টেডিয়ামে গাইড ওয়াল ও স্লোপ ড্রেন নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>**<u>পিআইসি প্রকল্পঃ</u>**<br>২১। রাজিবপুর উপজেলার ৩টি ইউনিয়নের নির্বাচনী ভোট কেন্দ্রের জরুরী রাস্তা মেরামত করণ-৮৭,০০০/- (সাতাশি হাজার) টাকা।<br>২২। রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের দুঃস্থ জনগণের মাঝে বিনামুল্যে নলকূপ স্থাপন/বিতরণ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>২৩। রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের দুঃস্থ কৃষকদের মাঝে বিনামুল্যে স্প্রে মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>২৪। রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডে দুঃস্থ মহিলাদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা। | | |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | **২নং কোদালকাটি ইউনিয়ন এর স্কীমসমূহঃ**<br>**টেন্ডার প্রকল্পঃ**<br>০১। কোদালকাটি ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের সাজাইয়ের চর সরকারী প্রাঃ বিদ্যালয়ের পাশে রাস্তায় গাইড ওয়াল নির্মাণ-১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) টাকা।<br>০২। কোদালকাটি ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের আদর্শ পাড়া শহিদুলের বাড়ি হতে উত্তর দিকে মসজিদ পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ-১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) টাকা।<br>০৩। কোদালকাটি ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের চর সাজাই মাস্টার পাড়া রুহুল আমিনের বাড়ির পূর্ব পাশে রাস্তায় গাইড ওয়াল নির্মাণ-১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) টাকা।<br>০৪। কোদালকাটি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের মধ্য চর সাজাই ফলুর বাড়ির দক্ষিণ পাশে স্লোপ ড্রেণ নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৫। কোদালকাটি ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের মন্ডল পাড়া ইছাবের বাড়ি হতে পশ্চিম দিকে হযরত আলীর বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৬। কোদালকাটি ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের চর সাজাই মন্ডল পাড়া হবির বাড়ির পশ্চিম উত্তর পাশে গাইড ওয়াল নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৭। কোদালকাটি ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের খয়রাত মেম্বার পাড়া ওয়াহিদের বাড়ি থেকে উত্তর দিকে রহিমার বাড়ির নিকট রিং কালভার্ট নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৮। কোদালকাটি ইউনিয়নের ০৬নং ওয়ার্ডের পাখিউরা (দক্ষিণ চর সাজাই) নূরানী হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানায় ওযুখানা, পাকা টয়লেট নির্মাণ ও মেরামত সংস্কার করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৯। কোদালকাটি ইউনিয়নের ০৬নং ওয়ার্ডের কোদালকাটি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা ঘরের মেঝে ও বারান্দা পাকা করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১০। কোদালকাটি ইউনিয়নের ০৬নং ওয়ার্ডের উত্তর ভেলামারী সবুজ সাথী সঃপ্রাঃবিঃ ও রফিকুল ইসলাম কমিউনিটি ক্লিনিকের রাস্তা এইচ.বি.বি করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১১। কোদালকাটি ইউনিয়নের শংকর মাধবপুর উচ্চ বিদ্যালয়ে ইলেকট্রিক কাজ মেরামত ও সরবরাহ করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১২। কোদালকাটি ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের চর সাজাই আদর্শ গ্রাম জামে মসজিদ মেরামত ও সংস্কারকরণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>**পিআইসি প্রকল্পঃ**<br>১৩। কোদালকাটি ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের দুস্থ কৃষকের মাঝে বিনামূল্যে স্প্রেমেশিন সরবরাহ করণ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৪। কোদালকাটি ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৫। কোদালকাটি ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের দুঃস্থ মহিলাদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা। | | |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | **৩নং মোহনগঞ্জ ইউনিয়ন এর স্কীমসমূহঃ**<br>**টেন্ডার প্রকল্পঃ**<br>০১। মোহনগঞ্জ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের নয়াচর নিম্ন মাধ্যমিক বালক বিদ্যালয়ের পশ্চিম পাশে গাইড ওয়াল নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০২। মোহনগঞ্জ ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের দিয়ারার চর ফকির পাড়া লোকমান এর বাড়ী হতে উত্তর দিকে রাজা মিয়ার বাড়ী পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৩। মোহনগঞ্জ ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের চরনেওয়াজী ঈদগাহ মাঠ ও কবরস্থানে গাইড ওয়াল নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৪। মোহনগঞ্জ ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের চরনেওয়াজী আলম মেম্বারের বাড়ী হতে দক্ষিন দিকে লতিফ মাওলানার বাড়ী হয়ে নদীর ঘাট পর্যন্ত রাস্তা এচ.বি.বি করণ-১,২৫,০০০/- (একলক্ষ পঁচিশ হাজার) টাকা।<br>০৫। মোহনগঞ্জ ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের জিগাপাড়া ঈদগাহ মাঠের পশ্চিম পাশে কাঠের ব্রিজ নির্মাণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০৬। মোহনগঞ্জ ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের কলকিহারা খলের উপর কাঠের সাঁকোর দুই পাশে গাইড ওয়াল ও সোলার লাইট সরবরাহ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৭। মোহনগঞ্জ ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের পুর্ব কলকিহারা বাশির উদ্দিনের বাড়ীর দক্ষিণ পাশে কাঠের ব্রিজ নির্মাণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০৮। মোহনগঞ্জ ইউনিয়নের ০১নং ওয়ার্ডের ভেলামারী বাজারের পূর্ব পাশে বক্স কালভার্ট নির্মাণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০৯। মোহনগঞ্জ নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে প্রিন্টার সরবরাহ করণ ও ০৭নং ওয়ার্ডের পশ্চিম মদনপাড়া জামে মসজিদ মেরামত ও সংস্কার করণ-১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) টাকা।<br>১০। মোহনগঞ্জ ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের জোয়ানী পাড়া মোজাম ডাক্তারের বাড়ি হতে নুরুল মাস্টারের বাড়ি পর্যন্ত রাস্তায় পানি নিষ্কাশন নালা ও গাইড ওয়াল নির্মাণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১১। মোহনগঞ্জ ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের সিলেটপাড়া কাঠের ব্রীজ মেরামত করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>**পিআইসি প্রকল্পঃ**<br>১২। মোহনগঞ্জ ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের দুঃস্থ কৃষকের মাঝে বিনামূল্যে স্প্রে মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৩। মোহনগঞ্জ ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের দুঃস্থ জনগণের মাঝে বিনামূল্যে নলকূপ বিতরণ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৪। মোহনগঞ্জ ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের দুঃস্থ মহিলাদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) এর আওতায় যে সকল প্রকল্পগুলি দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন সেইসকল প্রকল্পগুলি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ অনুযায়ী e-GP এর মাধ্যমে দরপত্র আহবান করা | | |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হবে। প্রকল্পগুলি বাস্তবায়নের নিমিত্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা প্রকৌশলীর দপ্তরে জরিপ ও উন্নয়নমূলক কাজ তদারকি ব্যয় ১% ও আনুষঙ্গিক ব্যয় ০.৫% ধরা হয়েছে। দরপত্র আহবানের বিজ্ঞাপন ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মানব সম্পদ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় টাঙ্গালিয়া পাড়া ৩৫০টি পরিবারের জন্য নির্মিত পানির ট্যাংক নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান কালাপানি আশ্রয়ণ প্রকল্পের নলকূপ চুরি হয়েছে। এ বিষয়ে তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থ্য গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা-কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স ভবনে ও কোয়ার্টারে পাইপ নেটওয়ার্কের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করা প্রয়োজন। রিজার্ভার ট্যাংক স্থাপন করে পাইপ নেটওয়ার্কের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করা যেতে পারে। সভার সিদ্ধান্ত মোতাবেক এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | চর রাজিবপুর উপজেলা কমপ্লেক্স ভবনে ও কোয়ার্টারে পাইপ নেটওয়ার্কের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১।. উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম<br>০২। সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে নিবন্ধকৃত সমবায়ীদের কার্যক্রম বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৬ সালের পাঠ্যপুস্তক মাধ্যমিক পর্যায়ের চাহিদা-৪৮৬৫৮, গ্রহণ ও বিতরণ-৪৮৬৫৮, দাখিল পর্যায়ের চাহিদা-১৯৪৫৬, গ্রহণ ও বিতরণ-১১৪৪৫ এবং এবতেদায়ী চাহিদা-৮০১০, গ্রহণ ও বিতরণ-৮০১০। শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান এবং শ্রেণী কার্যক্রম আংশিক চলমান। ৫৪তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। কাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ এর আবেদন গ্রহণ কার্যক্রম চলমান। | বিদ্যালয়ে নিয়মিত পাঠদান ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করণসহ বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৮

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৫। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৭। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৮। ২০২৫-২৬ অর্থ বছরে জরুরী প্রয়োজনে আর্থিক সহায়তা বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৯। ২০২৪-২৫ অর্থ বছরে জুন/২০২৫ মাসের এবং ২০২৫-২৬ অর্থ বছরে জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত উপজেলা পরিষদের ৪টি মিটারের বিদ্যুৎ ব্যয় বিল পরিশোধ বাবদ =২,৫০,১৫৫/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার একশত পঞ্চান্ন) টাকা।<br>১০। জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসে উপজেলা পরিষদ জামে মসজিদের বর্জ্য নিষ্কাশন বাবদ ব্যয় =৪,০০০/- (চার হাজার) টাকা।<br>১১। ২০২৫-২৬ অর্থ বছরে ১৪৩২ বঙ্গাব্দের উপজেলা পরিষদের স্থাবর সম্পত্তির ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ =৪০,৪৯০/- (চল্লিশ হাজার চারশত নব্বই) টাকা।<br>১২। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে জানুয়ারি'২০২৬ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-৯

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বরাদ্দ প্রাপ্ত শীতবস্ত্র সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। উপকারভোগীদের মাঝে ভিডব্লিউবি কর্মসুচির চাল সুষ্ঠুভাবে বিতরণ করা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (২) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়নের নদীভাঙ্গন রোধ করা প্রয়োজন। কোদালকাটি বাজার হতে কর্তিমারী বাজার খেয়াঘাট চার রাস্তা পর্যন্ত ৪টি পয়েন্টে ৪টি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৩) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কুড়িগ্রাম জেলার মধ্যে দিয়ে প্রবাহিত ব্রহ্মপুত্র বামতীর সংরক্ষণের মাধ্যমে ব্রহ্মপুত্র নদের বেসিন ব্যবস্থাপনা (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। প্রকল্পটি বর্তমানে পরিকল্পনা কমিশন এর বিবেচনায় রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। উপস্থিত সদস্যগণ প্রকল্পটি বাস্তবায়ন হলে মোহনগঞ্জের আর্থসামাজিক অবস্থার পরিবর্তন হবে মর্মে মতামত দেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৪) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে আমন সংগ্রহ সুষ্ঠুভাবে শতভাগ সম্পন্ন হয়েছে। ভিডব্লিউবি কার্যক্রমে পুষ্টি চাল বিতরণ চলমান আছে। টিসিবি (ওএমএস) কার্যক্রমে মাথা পিছু ৫কেজি হারে চাল বিতরণ কার্যক্রম চলমান আছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার-এর কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৬) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভোট কেন্দ্র হিসেবে নির্বাচিত নির্মাণাধীন প্রতিষ্ঠানগুলো দ্রুত হস্তান্তর করা প্রয়োজন। ভোট কেন্দ্রে যোগাযোগের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৭) | সাব-রেজিস্টার বিভাগ | উপজেলা সাব-রেজিস্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা সাব-রেজিস্টার বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সাব-রেজিস্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | উপজেলা সাব-রেজিস্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৮) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৯) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-১০

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১০) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে অত্র উপজেলার ২৭ টি ভোট কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য নির্বাচনের দায়িত্ব প্রদানের জন্য আনসার ও ভিডিপি সদস্যদের বাছাই কার্যক্রম চলমান রয়েছে। AVMIS সিস্টেমে ৫৪০ জন আনসার ও ভিডিপি সদস্য/সদস্যার প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি করা হয়েছে। সদস্যদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। সেখান হতে প্রতি কেন্দ্রে ১৩ জন করে (৯জন পুরুষ ও ৪জন মহিলা) মোট ৩৫১ জন্য আনসার ও ভিডিপি মোতায়েন করা হবে। প্রতি কেন্দ্রে ৩ জন সদস্য অস্ত্রসহ ও ১০ জন সদস্য লাঠিসহ মোতায়েন করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আমন ফসলের ও চীনাবাদাম ফসলের হিসাব সংগ্রহ সম্পন্ন হয়েছে। আলু ও গম ফসলের পূর্বাভাস জরিপ চলমান। বিভিন্ন ফসলের আয়তন নিরুপণের জন্য দাগগুচ্ছ জরিপ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১২) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৩) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৪) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | সহকারী ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে অত্র উপজেলার সকল ভোট কেন্দ্রে বিদ্যুৎ সংযোগের জন্য পরিদর্শন করা হচ্ছে। গ্রাহকের নিয়মিত অভিযোগ নিরসন করা হচ্ছে। উপজেলা পরিষদের আওতায় সকল ডরমেটরীর বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ জানান। জাতীয় রুফটপ সোলার কর্মসুচির আওতায় ভবনের ছাদে সোলার স্থাপনের লক্ষ্যে (শিক্ষা প্রতিষ্ঠান ও স্বাস্থ্য স্থাপনা) উদ্যোগ-গ অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৬) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত Local Government Initiative on Climate Change (LoGIC) লজিক প্রকল্পের আওতায় জলবায়ু অভিযোজনে চর রাজিবপুর উপজেলা পরিষদ কর্তৃক মোট ০৮ টি স্কিম বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়িত ০৮ টি স্কিমের মধ্যে ০৬ টি স্কিমের বিল ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে এবং ০২ টি স্কিমের বিল পরিশোধ করা হবে। বাস্তবায়িত ০৮ টি স্কিমের মধ্যে ০৭ টি স্কিমের বিল হতে পিপিআর ২০০৮ অনুযায়ী জামানত

চলমান পাতা-১১

হিসেবে ১০% হারে টাকা কর্তন পূর্বক লজিক প্রকল্প নামীয় সংশ্লিষ্ট হিসাবে সংরক্ষণ করা হয়েছে। বাস্তবায়িত ০৭টি স্কিমের ক্ষেত্রে কাজ সমাপ্তির পর হতে ত্রুটিজনিত দায়ের মেয়াদ পর্যন্ত (পিপিআর ২০০৮ অনুযায়ী) উপজেলা পরিষদের লজিক প্রকল্প সংক্রান্ত হিসাব নং-৫২১৫৯০২০০০৯৭৫ তে সংরক্ষিত থাকবে। এছাড়ও অব্যয়িত টাকা (যদি থাকে) জামানতের সাথে চর রাজিবপুর উপজেলা পরিষদের লজিক প্রকল্প সংক্রান্ত হিসাব নং-৫২১৫৯০২০০০৯৭৫ তে জমা থাকবে। কোন স্কিমের বিপরীতে কত টাকা জামানত রাখা হয়েছে এবং তার মেয়াদকাল নিম্নবর্ণিত ছকে উপস্থাপন করা হলোঃ

| নং | স্কিমের নাম | স্কিমের প্যাকেজ ও টেন্ডার আইডি নং | ঠিকাদারের মূল বিল | জামানত টাকার পরিমাণ (১০%) | প্রকৃত কাজ সমাপ্তির সময়কাল | জামানতের মেয়াদ অতিক্রান্তের সময়কাল |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বন্যাকালীন সময়ে নিরাপদ ও বিশুদ্ধ পানীয় জলের সরবরাহ নিশ্চিত করণে রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে একটি বন্যা সহিষ্ণু পানি শোধনাগার স্থাপন প্রকল্প (ওয়ার্ড-০২) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2023-24/04 & Tender ID: 865793 | ১৪,৬৬,০৮৭/- | ১,৪৬,৬০৯/- | ১১/১২/২০২৪ | ১০/১২/২০২৫ |
| ০২ | কোদালকাটি ইউনিয়নের কোদালকাটি বালিকা উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে বন্যা সহনশীল ল্যাট্রিন স্থাপন প্রকল্প (ওয়ার্ড-০৭) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2023-24/01 & Tender ID: 865790 | ৮,৭৭,২৯৭/- | ৮৭,৭৩০/- | ২০/০৬/২০২৪ | ১৯/০৬/২০২৫ |
| ০৩ | মোহনগঞ্জ ইউনিয়নের মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ মাঠ প্রাঙ্গনে একটি বন্যা সহিষ্ণু পানি ল্যাট্রিন স্থাপন প্রকল্প (ওয়ার্ড-০৭) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2023-24/02 & Tender ID: 865791 | ৮,৭৬,৩৯৩/- | ৮৭,৬৪০/- | ২৯/০৬/২০২৪ | ২৮/০৬/২০২৫ |
| ০৪ | বন্যাকালীন সময়ে নিরাপদ ও বিশুদ্ধ পানীয় জলের সরবরাহ নিশ্চিত করণে চর রাজিবপুর উপজেলার বিভিন্ন স্থানে বন্যা সহিষ্ণু ৩০টি নলকূপ স্থাপন প্রকল্প (ইউনিয়ন-সকল) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2023-24/03 & Tender ID: 865792 | ১৭,৫৯,২৪১/- | ১,৭৫,৯২৫/- | ২০/০৬/২০২৪ | ১৯/০৬/২০২৫ |
| ০৫ | রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর গ্রামের কড়াইডাঙ্গি পাড়ায় (মনোহারের বাড়ী থেকে সাঈদ আলীর বাড়ী পর্যন্ত) বন্যা সহনশীল ৩০ মিটার আরসিসি গাইডওয়াল স্থাপন প্রকল্প (ওয়ার্ড-০২) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2024 - 25/w.001 & Tender ID: 1041180 | ৮,০১,২১৪/- | ৮০,১২২/- | ২২/০৬/২০২৫ | ২১/০৬/২০২৬ |
| ০৬ | রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর গ্রামের লম্বাপাড়ায় (মজিবরের বাড়ী থেকে তোতামিয়ার বাড়ী পর্যন্ত) বন্যা সহনশীল ৪০ মিটার আরসিসি গাইডওয়াল স্থাপন প্রকল্প (ওয়ার্ড-০২) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2024-25/w.002 & Tender ID: 1041093 | ১০,৭২,৮৩৫/- | ১,০৭,২৮৪/- | ২২/০৬/২০২৫ | ২১/০৬/২০২৬ |
| ০৭ | রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর গ্রামের লম্বাপাড়ায় (আলমের বাড়ী থেকে বাদশা ফকিরের বাড়ী পর্যন্ত) বন্যা সহনশীল ২০ মিটার আরসিসি গাইডওয়াল স্থাপন প্রকল্প-২ (ওয়ার্ড-০২) | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2024-25/w.003 & Tender ID: 1109538 | ৪,৬০,৬৪৩/- | ৪৬,০৬৫/- | ৩০/১১/২০২৫ | ২৯/১১/২০২৬ |
| ০৮ | মোহনগঞ্জ ইউনিয়নের চরনেওয়াজী দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে স্থাপিত বন্যা সহিষ্ণু পানি শোধনাগার প্রকল্প মেরামত ও রক্ষণাবেক্ষণ (ওয়ার্ড-০৫) । | e-Tender/LoGIC/ Kuri/Rajib/2025-26/w.01 & Tender ID: 1197191 | ৫১,৯৮১/- | -- | ৩১/১২/২০২৫ | -- |
| | মোট টাকা (জামানত) = | | | ৭,৩১,৩৭৫/- | | |
| | **অন্যান্য** | | | | | |
| ০১ | প্রশাসনিক ব্যয় (অবশিষ্ট) | | | ৬৩,৬৬৮/- | | |
| ০২ | প্রশাসনিক ব্যয় (মেরামত) | | | ২,৬৩৩/- | | |
| ০৩ | গাইড ওয়াল-২ (রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর গ্রামের লম্বাপাড়া) | | | ৪,১৪,৫৭৮/- | | |
| ০৪ | মেরামত (মোহনগঞ্জ ইউনিয়নের চরনেওয়াজী দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়) | | | ৫১,৯৮১/- | | |
| ০৫ | অব্যয়িত টাকা | | | ১৬৩৭/- | | |
| | মোট টাকা = | | | ১২,৬৫,৮৭২/- | | |
| | (কথায়: বার লক্ষ পয়ষট্টি হাজার আটশত বায়াত্তর টাকা মাত্র) | | | | | |

চলমান পাতা-১২

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** চর রাজিবপুর উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত পিপিআর ২০০৮ অনুযায়ী ০৭ টি ও পিপিআর ২০২৫ অনুযায়ী ০১টি মোট (০৭+০১) =০৮টি টি স্কিমের মধ্যে ০৭টি স্কিমের ঠিকাদারের জামানতের টাকা কাজ শেষ হওয়ার পর হতে ত্রুটিজনিত দায়ের মেয়াদ পর্যন্ত উপজেলা পরিষদের লজিক প্রকল্প সংক্রান্ত হিসাব নং-৫২১৫৯০২০০০৯৭৫ তে সংরক্ষিত থাকবে এবং উল্লিখিত সময়ের পর ঠিকাদারের জামানত বিলের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প পরিদর্শন পূর্বক ঠিকাদারের অনুকূলে জামানতের টাকা ছাড়করণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০১/২৬

(এ.এফ.এম. শামীম)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৩৪

তারিখ ঃ ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ........................................................................................ কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ, ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

০৮/০১/২৬

(এ.এফ.এম. শামীম)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল ঃ ০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd